

বর্তমান

কলকাতা ও শহরতলি

কলকাতা, রবিবার ২৫ ডিসেম্বর ২০২২, ৯ পৌষ ১৪২৯

বর্ধমান, পাঁশকুড়া, শিলিগুড়ি থেকেও প্রকাশিত

মোট ১৮ পৃষ্ঠা

[৬ টাকা]

বর্তমান ২৫ ডিসেম্বর ২০২২ • ছয়



সাংস্কৃতিক অনুষ্ঠান

- সম্প্রতি দু'দিন ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান হয়ে গেল জোকার দিল্লি পাবলিক স্কুল সাউথ কলকাতায়। করোনা মহামারী কাটিয়ে ফের চেনা ছন্দে ডিপিএস। প্রথম দিন নার্সারি থেকে পঞ্চম শ্রেণি এবং দ্বিতীয় দিন ষষ্ঠ থেকে একাদশ শ্রেণির ছাত্রছাত্রীরা বিভিন্ন অনুষ্ঠান পরিবেশন করে। নাচ-



গান-নাটক মিলিয়ে ছাত্রছাত্রীদের উপস্থাপনা ছিল অনবদ্য। ভারতীয় ও পাশ্চাত্য সঙ্গীত ও নৃত্যের নানা আঙ্গিক সম্মিলিতভাবে উপস্থাপনা করা হয়। এই অনুষ্ঠানের মঞ্চ থেকেই স্কুলের কৃতি পড়ুয়াদের নানা ক্ষেত্রে অবদানের জন্য শংসাপত্র সহ ট্রফি ও মেডেল দেওয়া হয়। দু'দিন ব্যাপী আনন্দ সন্ধ্যা শেষ হয় জাতীয় সঙ্গীতের মাধ্যমে।

